

পিতামাতা/অভিভাবকের নির্বাচন না করার বিজ্ঞপ্তি

প্রিয় পিতামাতা/ অভিভাবক:

NYC ডিপার্টমেন্ট অফ এডুকেশন (“DOE”) ডিস্ট্রিক্ট 30 এর প্রতিটি শিক্ষার্থীকে NYC স্কলারশিপ অ্যাকাউন্ট প্রদান করার জন্য অলাভজনক সংস্থা NYC Kids RISE-কে সহযোগী করেছে। NYC স্কলারশিপ অ্যাকাউন্ট হল নিউইয়র্কের একটি 529 কলেজ সেভিং প্রোগ্রাম ডিরেক্ট প্ল্যান অ্যাকাউন্ট যেখানে NYC Kids RISE Save for College Program-এর মাধ্যমে যোগ্য উচ্চশিক্ষার খরচের অর্থ জমা করা হয়।

আপনার সন্তান স্বতন্ত্রভাবে এই প্রোগ্রামে নথিভুক্ত হয়ে যাবে যদি না আপনি অংশগ্রহণে অসম্মত হন।

আপনার সন্তানের নামে একটি NYC স্কলারশিপ অ্যাকাউন্ট খোলা এবং সেখানে আপনার সন্তানের নামে NYC Kids RISE যেন 100 ডলার জমা করতে পারে সেজন্য DOE কে NYC Kids RISE এর কাছে আপনার সন্তানের বিষয়ে কিছু তথ্য প্রদান করতে হবে। NYC Kids RISE অংশগ্রহণকারীর তথ্য জমা, অনলাইন পোর্টাল পরিচালনা ও প্রযুক্তিগত সহায়তা প্রদান করতে VistaShare নামের একটি কোম্পানির সঙ্গে কাজ করেছে। অনলাইন পোর্টাল হল সেই জায়গা যেখানে আপনি আপনার সন্তানের NYC স্কলারশিপ অ্যাকাউন্ট দেখতে পারেন।

ফেডারেল আইন Family Educational Rights and Privacy Act অনুসারে DOE অনুমতি ছাড়া কোনো শিক্ষার্থীর শনাক্তযোগ্য ব্যক্তিগত তথ্য প্রকাশ করতে পারে না। তবে, আপনাকে প্রথমে অংশগ্রহণ না করার সিদ্ধান্তগ্রহণের সুযোগ দেওয়া সাপেক্ষে, DOE আপনার ও আপনার সন্তান সম্পর্কে “ডিরেক্টরি তথ্য” নামে নির্দিষ্ট কিছু তথ্য প্রকাশ করতে পারে: NYC Kids RISE এবং VistaShare শুধু প্রোগ্রাম চালানো ও মূল্যায়নের জন্য এই ডিরেক্টরি তথ্য ব্যবহার ও প্রকাশ করতে পারবে। তারা ডিরেক্টরি তথ্য বিজ্ঞাপন, বিপণন ও অন্যান্য বাণিজ্যিক উদ্দেশ্যে বিক্রয়, ব্যবহার ও বিনিময় করতে পারবে না। অন্যদের কাছে ডিরেক্টরি তথ্য প্রকাশ করার আগে NYC Kids RISE এবং VistaShare কে DOE এর থেকে অগ্রিম অনুমোদন নিতে হবে।

NYC স্কলারশিপ অ্যাকাউন্ট খুলতে কি কি তথ্য প্রয়োজন?

NYC স্কলারশিপ অ্যাকাউন্টের জন্য এখানে উল্লিখিত ডিরেক্টরি তথ্য প্রয়োজন: প্রোগ্রামের জন্য শিক্ষার্থী ও পিতামাতার শনাক্তকরণ নম্বর, পুরো নাম, জন্ম তারিখ, বাড়ির ঠিকানা, বাড়ির ঠিকানা পরিবর্তন হয়েছে কিনা, বাড়ির ফোন নম্বর, স্কুলের নাম, বর্তমান গ্রেড লেভেল, মাতৃভাষা এবং NYC-র সরকারি স্কুল ব্যবস্থার মধ্যে বা বাইরের অন্য কোনো স্কুলে স্থানান্তরিত করা হয়েছে কিনা। অনুরূপভাবে, পিতামাতা সম্পর্কে এই তথ্য প্রয়োজন: পুরো নাম, ইমেল ঠিকানা এবং মোবাইল ফোন নম্বর এবং/অথবা প্রতিটি NYC স্কলারশিপ অ্যাকাউন্টের জন্য দুইজন পিতামাতা/অভিভাবকের অন্য ফোন নম্বর।

অ্যাকাউন্ট তৈরির জন্য 2018 এর শেষের মধ্যে ডিস্ট্রিক্ট 30-তে অবস্থিত কোনো স্কুলে আপনার সন্তানকে অবশ্যই ভর্তি থাকতে হবে।

আপনার কাছে কী কী বিকল্প রয়েছে?

যদি আপনি চান আপনার সন্তানের NYC স্কলারশিপ অ্যাকাউন্ট হোক তাহলে কিছু করতে হবে না।

যদি আপনি আপনার ডিরেক্টরি তথ্য জানাতে **না চান** তাহলে আপনাকে অবশ্যই নিচের ফরমটি পূরণ করে সন্তানের শিক্ষকের কাছে - 4, 2018 এর মধ্যে অবশ্যই ফেরত দিতে হবে।

আপনার কি কোনো প্রশ্ন আছে কল করুন...

আমি আমার সন্তানের ডিরেক্টরি তথ্য শেয়ার করতে চাই না। আমি চাই না আমার সন্তানের NYC স্কলারশিপ অ্যাকাউন্ট হোক এবং আমার সন্তান NYC স্কলারশিপ অ্যাকাউন্ট ফান্ড পাবে না।

শিক্ষার্থীর নাম:

শিক্ষার্থীর শেষ নাম:

স্কুলের নাম:

শিক্ষার্থীর আনুষ্ঠানিক ক্লাস:

স্পষ্ট হরফে পিতামাতা/অভিভাবকের নাম:

স্বাক্ষর:

তারিখ:

OFFICE NOTE: FOR DISTRIBUTION ONLY TO KINDERGARTEN STUDENTS WHOSE FIRST DATE OF SCHOOL ATTENDANCE OCCURRED BY NOVEMBER 27, 2017

Please keep any returned Notice in the student's Cumulative Folder indefinitely.

BENGALI